



উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
গাজীপুর-১৭০১

প্রযুক্তির নাম	:	বেগুনের ফল পঁচা রোগের দমন ব্যবস্থাপনা	
প্রযুক্তির ছবি	:		
		ফল পঁচা রোগাক্রান্ত গাছ	সুস্থ গাছ
বিস্তারিত বিবরণ	:	<ul style="list-style-type: none"> ◆ রোগ প্রতিরোধী জাত ব্যবহার উত্তম পদ্ধতি। গবেষণায় দেখা গেছে যশোর লোকাল, বোতলি বেগুন, কাটা বেগুন, দীঘিনালা ও ঈশ্বরদী -১ রোগ প্রতিরোধী জাত। ◆ যেহেতু এটা বীজবাহিত রোগ বীজ শোধনের মাধ্যমে এ রোগ দমন করা যায়। গরম পানিতে (৫১° C, ১৫ মিনিট) বীজ শোধন করে ভাল ফল পাওয়া যায়। কার্বেনডাজিম (Autostin)ও প্রোভেক্স মিশ্রণে বীজ শোধন করেও ফল পঁচা রোগ দমন করা যায়। ◆ মাঠে রোগ দেখা দিলে অটোস্টিন (০.২%) স্প্রে করে রোগের তীব্রতা কমানো যায়। ◆ পরিষ্কার-পরিচ্ছন্ন মাঠে চারা লাগানো বা পরিচ্ছন্ন নার্সারিতে চারা উৎপাদন রোগ দমন ব্যবস্থাবলির মধ্যে অন্যতম। ◆ রোগমুক্ত ক্ষেতের ফল থেকে বীজ সংগ্রহ ও রোগমুক্ত বীজ বপন রোগ দমনের সহায়ক উপায়। ◆ একই জমিতে পৌনঃপুণিক বেগুনের চাষ না করে অন্য ফসলের চাষ করলে ফল পঁচা রোগের তীব্রতা কমে যায়। ◆ ফসল সংগ্রহ শেষে ফসলের অবশিষ্টাংশ পুড়িয়ে মাটির সাথে ভালভাবে মিশিয়ে দিতে হবে। 	
বৈশিষ্ট্যসমূহ	:	<ul style="list-style-type: none"> ● ইহা একটি সহজে ব্যবহার যোগ্য প্রযুক্তি। ● এই প্রযুক্তি ব্যবহার করে বেগুনের বাজার মূল্য বৃদ্ধি পাওয়ায় কৃষক অর্থনৈতিকভাবে লাভজনক হবে। 	

সংশ্লিষ্ট বিশেষজ্ঞ বিজ্ঞানীর সাথে যোগাযোগ

ড. মোঃ মনিরুল ইসলাম

উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা

উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ

মোবাইলঃ ০১৭১৮-৭৫৫৪০৪

ফোনঃ ৪৯২৭০১৬০

ইমেইলঃ monirulbari@yahoo.com